দৈনিক ইনকিলাব

তারিখ 12 SEP 1994
পৃষ্ঠা ৫ কলাম ৩

33

## চিঠিপত্র

### কম্পিউটারের মাধ্যমে পরীক্ষার ফল প্রকাশ প্রসঙ্গে

প্রথম বারের মত এবার কম্পিউটারের মাধ্যমে পরীক্ষার ফল প্রকাশ হওয়ায় একজন সচেতন নাগরিক হিসাবে আমি আনন্দিত এবং গর্বিত কিন্তু দুঃখের বিষয়, ২৬-৮-৯৪ তারিখে কম্পিউটারের মাধ্যমে এসএসসি পরীক্ষার ফল প্রকাশে সামান্য কিছু ভুল-ত্রুটি হয়েছে বলে আমার মনে হয়। কারণ আমি একজন পরীক্ষার্থী। আমি জানি, উক্ত পরীক্ষায় আমি কৃতকার্য হবো। কিন্তু পত্রিকার মাধ্যমে ২৬-৮-৯৪ তারিখে ফল প্রকাশ করা হয়েছে, তাতে আমার রোল নাম্বার খুঁজে পাইনি। গত ২৭-৮-৯৪ তারিখে আমি ঢাকা শিক্ষা বোর্ডের সাথে যোগাযোগ করি। তারা কম্পিউটার সেন্টার বুয়েটের সাথে যোগাযোগ করার পরামর্শ দেয়। আমি তাদের পরামর্শ অনুযায়ী বুয়েটের সাথে যোগাযোগ করি। কিন্তু বুয়েট আবার আমাকে ঢাকা শিক্ষা বোর্ডের সাথে যোগাযোগ করার নির্দেশ দেয়। আমাদের মত আরো অনেক নিরীহ ছাত্র-ছাত্রী আর কত হয়রানির শিকার হবে।

অতএব, শিক্ষা মন্ত্রণালয়ের কাছে আমার আকুল আবেদন, তারা যেন ব্যাপারটিকে গুরুত্বসহকারে বিবেচনা করেন এবং এর সুষ্ঠু প্রতিকার করেন।

—মোঃ আশিক. পাগলা, নারায়ণগঞ্জ।

### কম্পিউটার যুগে ক্যাডেট কলেজের স্থান কোথায়

দেশের ৪টি শিক্ষা বোর্ডের S.S.C পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে।

এই বছর কোন ক্যাডেট কলেজই শীর্ষস্থান লাভ করতে পারেনি। শুধু তাই নয়, শীর্ষস্থানীয় প্রথম তিন জনের ভেতরেও তাদের স্থান নেই। প্রমাণিত হল, এতদিন তারা ক্যাডেট কলেজের নাম দিয়ে শীর্ষস্থান অক্ষুণ্ণ রাখতেন।

—মাহমুদ,
পালবাড়ী, যশোর।